

প্রেস-রিলিজ

পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের সদস্য (সচিব) মহোদয়ের প্রকল্প এলাকা পরিদর্শন

গত ২২ জুলাই ২০২৩ খ্রি. তারিখ রোজ শনিবার পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের সদস্য (সচিব) জনাব আবদুল বাকী এবং শিল্প ও শক্তি বিভাগের প্রধান (অতিরিক্ত সচিব) ড. মো: মোস্তাফিজুর রহমান ঘোড়াশাল পলাশ ইউরিয়া ফার্টলাইজার প্রকল্প (জিপিইউএফপি) সরেজমিনে পরিদর্শন করেন। এ সময়ে আরো উপস্থিত ছিলেন শিল্প ও শক্তি বিভাগের যুগ্ম-প্রধান (শিল্প ও সমন্বয়) ও জেলা প্রশাসক নরসিংদী। পরিদর্শনকালে কমিশনের শিল্প ও শক্তি বিভাগের সদস্য (সচিব) মহোদয় প্রকল্পের সকল বিষয়ে বিস্তারিত খোজ-খবর নেন। প্রকল্পের প্রকল্প পরিচালক জনাব মো: রাজিউর রহমান মল্লিক অবগত করেন যে, বর্তমানে প্রকল্পের LSTK অংশের অগ্রগতি প্রায় ৯৪%। পরিকল্পনা কমিশনের শিল্প ও শক্তি বিভাগের সদস্য (সচিব) জনাব আবদুল বাকী প্রকল্পের কর্মকর্তাদের সাথে এক মতবিনিময় সভায় আশা প্রকাশ করেন যে, নির্ধারিত সময়েই মাননীয় প্রধানমন্ত্রী অত্র প্রকল্পের শুভ উদ্বোধন করবেন। মাননীয় প্রধানমন্ত্রী যেন যথাসময়ে প্রকল্পটির উদ্বোধন করতে পারেন সে জন্য সকল কর্মকর্তা এবং প্রকল্পের সাধারণ ঠিকাদার MHI এবং CC7 কে নিরলসভাবে পরিশ্রম করার জন্য তাগিদ দেন। বর্তমান সময় পর্যন্ত প্রকল্পের সার্বিক অগ্রগতিতে তিনি সন্তুষ্ট প্রকাশ করেন এবং প্রকল্পের সর্বস্তরের কর্মকর্তাসহ প্রকল্প পরিচালককে ধন্যবাদ জ্ঞাপন করেন।









